গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

**সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০**

| ক্রম | এমআরটি লাইনের নাম | পর্যায় | সম্ভাব্য সমাপ্তির সাল | ধরণ |
|---|---|---|---|---|
| ১. | এমআরটি লাইন-৬ | প্রথম | ২০২৫ | উড়াল |
| ২. | এমআরটি লাইন-১ | দ্বিতীয় | ২০২৬ | উড়াল ও পাতাল |
| ৩. | এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট | | ২০২৮ | |
| ৪. | এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট | তৃতীয় | ২০৩০ | |
| ৫. | এমআরটি লাইন-২ | | | |
| ৬. | এমআরটি লাইন-৪ | | | |

## MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২১.২৬ কিলোমিটার দীর্ঘ প্রায় ৩৩,৪৭২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা উত্তর হতে কমলাপুর পর্যন্ত Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত সার্বিক গড় অগ্রগতি **৮৩.১৩%**। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি **৯৪.২২%**। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি **৮৪.৩৪%**। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি **৮৩.৮১%**। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত Detailed Design পর্যন্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। ভূমি অধিগ্রহণের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এই অংশের পরিষেবা যাচাই এর কাজ শুরু করা হয়েছে।

### প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৯টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ শে সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এই প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে নির্মাণের জন্য নির্ধারিত মোট ৫২টি অবকাঠামোর মধ্যে সকল অবকাঠামোর নির্মাণ কাজ গত ২০ জুন ২০২২ তারিখ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।

- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে সম্পূর্ণ ভায়াডাক্ট এবং স্টেশনসমূহের Roof Sheet পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। ০৬টি স্টেশনের Entry-Exit নির্মাণ কাজ শেষ হয়েছে এবং ০৩টি স্টেশনের Entry-Exit নির্মাণ কাজ চলমান আছে। ০৯টি স্টেশনের প্ল্যাটফর্মে ও কনকর্সে লাইট স্থাপন করা হয়েছে। উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ০৯টি স্টেশনের Mechanical, Electrical and Plumbing (MEP), Architectural, Fire Figting System, Diesel Generator, Sewerage Treatment Plant (STP) স্থাপনের কাজ চলমান আছে। এই প্যাকেজ দুটির সমন্বিত বাস্তব অগ্রগতি ৯৬.০৫%।

- **প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইতোমধ্যে ভায়াডাক্ট ও স্টেশনসমূহের প্ল্যাটফর্ম পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের আওতাধীন সকল মেট্রোরেল স্টেশনসমূহের Entry-Exit, Steel Roof Structure স্থাপন, Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। ফার্মগেট ও কারওয়ান বাজার স্টেশনে Roof Sheet স্থাপনের কাজ শুরু হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৮৮.৭২%। উত্তরা ডিপো এলাকায় নির্মিত Metro Rail Exhibition & Information Center গত ০৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক উদ্বোধন করা হয়। দর্শণার্থীগণ নিয়মিত Metro Rail Exhibition & Information Center পরিদর্শন করছেন।

- **প্যাকেজ-০৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইতোমধ্যে ভায়াডাক্ট ও স্টেশনসমূহের প্ল্যাটফর্ম পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের আওতাধীন সকল মেট্রোরেল স্টেশনসমূহের Entry-Exit, Steel Roof Structure স্থাপন, Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। শাহবাগ ও ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশনে Roof Sheet স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে এবং বাংলাদেশ সচিবালয় স্টেশনে Roof Sheet স্থাপনের কাজ চলমান রয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৮৯.৪৩%।

- **প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৮৯.২৩%।

  **উত্তরা ডিপো:** ডিপো এলাকায় ১৭টি লিফটের ইলেক্ট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে।

  **উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশ:** ভায়াডাক্টে উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত সম্পূর্ণ অংশে রেল লাইন (২৫.২৩ ট্র্যাক-কিলোমিটার) স্থাপন সম্পন্ন হয়েছে। Overhead Catenary System (৩১.১৩ কিলোমিটার) স্থাপন করে চালু করা হয়েছে। উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত সিগনালিং সিস্টেমের ইকুইপমেন্ট স্থাপন করে টেস্টিং চলছে। ইতোমধ্যে Automatic Train Protection (ATP), Automatic Train Operation (ATO), ট্রেনের ডাইনামিক টেস্টিং এবং সিগনালিং-পিএসডি ইন্টারফেস টেস্টিং সম্পন্ন হয়েছে। উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত প্রথম ০৯ টি স্টেশনে ৩৬টি লিফট এর মধ্যে ২৫ টির ইন্সটলেশন ও মেকানিক্যাল কাজ সম্পন্ন হয়েছে। এই অংশের ৫৪টি এস্কালেটরের মধ্যে ৪৮টির স্থাপন কাজ সম্পন্ন হয়েছে।

  **আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশ:** মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ভবন নির্মাণ সম্পন্ন করে যাবতীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপন করা হয়েছে। মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ১৩২ কেভি ক্যাবল লেইং-এর কাজ সম্পন্ন হয়েছে। আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত সম্পূর্ণ অংশে (১৬.১৯ ট্রাক-কিলোমিটার) রেল লাইন ও OCS Portal স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। ১৯.৮৯ কিলোমিটার OCS ওয়্যারিং এর মধ্যে ১০.২৯ কিলোমিটারের ওয়্যারিং সম্পন্ন হয়েছে। এই অংশের ৫২টি এস্কালেটরের মধ্যে ৩২টি এস্কালেটর স্থাপন সম্পন্ন হয়েছে।

- **প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। সংগৃহীতব্য ২৪টি ট্রেন সেটের মধ্যে ১৭টি ট্রেন সেট ইতোমধ্যে ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌঁছেছে। এই মেট্রো ট্রেনগুলোর প্রয়োজনীয় কারিগরি পরীক্ষা ও Functional Test এবং Performance Test চলছে। গত ২৯ নভেম্বর ২০২১ তারিখ থেকে মিরপুর-১০ মেট্রো স্টেশন পর্যন্ত এবং গত ১২ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে আগারগাঁও পর্যন্ত Performance Test করা হয়েছে। গত ০১লা সেপ্টেম্বর ২০২২ তারিখ System Integration Test শুরু হয়েছে। ১৮তম ও ১৯তম ট্রেন সেট জাপানের কোবে সমুদ্র বন্দর হতে ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ জাহাজ যোগে বাংলাদেশের

উদ্দেশ্যে যাত্রা শুরু করেছে এবং বাংলাদেশে পৌঁছানোর সম্ভাব্য সময় নভেম্বর ২০২২ মাসের ১ম সপ্তাহ। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৮৩.৩২%।

- **প্যাকেজ-০৯ (Enterprise Resource Management System):** Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের নিমিত্ত প্রণীত দরপত্র দলিল গত ২৭ জুলাই ২০২২ তারিখ JICA'র Concurrence এর জন্য প্রেরণ করা হলে গত ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ JICA হতে দরপত্র দলিলের বিষয়ে কিছু পর্যবেক্ষণ প্রদান করা হয়েছে। পর্যবেক্ষণের নিরিখে চূড়ান্ত দলিল প্রস্তুতের কার্যক্রম চলমান।

## MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং **পূর্বাচল** রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নদ্দা ও নতুন বাজার স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতালে নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে MRT Line-5: Northern Route এর সঙ্গে আন্তঃলাইন সংযোগ থাকবে। নদ্দা ও নতুন বাজার স্টেশনের আন্তঃরুট সংযোগ ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত Study, Survey, Basic Design, Detailed Design ও নির্মাণ কাজের সকল প্যাকেজের প্রাক-যোগ্যতার দলিল প্রস্তুত সম্পন্ন হয়েছে। MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজার ৯২.৯৭২৫ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত এল এ কেইস নম্বর ১০/১৯-২০ এর প্রেক্ষিতে গত ০৭ এপ্রিল ২০২২ তারিখ ভূমি অধিগ্রহণের গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ক্ষতিপুরণ বাবদ প্রায় ৭৩০ কোটি ৪৭ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। শীঘ্রই বাস্তব দখল বুঝে নেয়া হবে। গত ১৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ নামজারির আবেদন দাখিল করা হয়েছে। MRT Line-1 এর রিসিভিং সাব স্টেশন-২ নির্মাণের নিমিত্ত ঢাকা জেলার বাড্ডা মৌজায় ০.০৬৮২ একর ভূমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক এলএ কেইস নম্বর-০৩.১৫.১৪/২০২১-২২ রুজু করা হয় এবং গত ৩১ আগস্ট ২০২২ তারিখ ৪ ধারার নোটিশ জারি করা হয়। গত ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ যৌথ তদন্ত সম্পন্ন হয়েছে এবং ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখ ক্ষতিগ্রস্থদের আপত্তি দাখিলের জন্য যৌথ তদন্তের তালিকা গণবিজ্ঞপ্তি আকারে জারি করা হয়। গত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ নদ্দা, নতুন বাজার ও উত্তর বাড্ডা পাতাল স্টেশনসমূহের প্রবেশ ও বর্হিগমন পথের জন্য ২.৩০৭ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। রিসিভিং সাব স্টেশন এবং অবশিষ্ট পাতাল স্টেশনসমূহের প্রবেশ ও বর্হিগমন পথের ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান আছে।

Dhaka Mass Rapid Transit Development Project (Line-1) এর নির্মাণ কাজ তত্ত্বাবধায়নের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ একটি স্বতন্ত্র প্যাকেজের মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্ধারিত আছে। প্রকল্পের নির্মাণ কাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের প্রস্তাবটি গত ০৭ সেপ্টেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত ডিএমটিসিএল-এর পরিচালনা পরিষদের সভায় অনুমোদিত হয়েছে। ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর সর্বনিম্ন দরদাতার সঙ্গে চুক্তি সম্পাদনের নিমিত্ত ক্রয় প্রস্তাবটি গত ০৭ সেপ্টেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত ডিএমটিসিএল-এর পরিচালনা পরিষদের সভায় অনুমোদিত হয়েছে। প্রকল্পের নির্মাণ কাজ মোট ১২টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। CP-03, CP-04, CP-05, CP-06, CP-09, CP-10 এবং CP-11 প্যাকেজসমূহের প্রাক-যোগ্যতার (Prequalification) আবেদন ইতোমধ্যে আহ্বান করা হয়েছে এবং বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন আছে। অবশিষ্ট প্যাকেজসমূহের প্রাক-যোগ্যতার আবেদন শীঘ্রই আহ্বান করা হবে।

## MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study ও Basic Design সম্পন্ন হয়েছে। বিভিন্ন সার্ভে ও Detailed Design এর কাজ চলছে। সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত Detailed Design এর অগ্রগতি ৬২.৬০%। হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর আন্তর্জাতিক দরপত্র গত ২৭ জুন ২০২২ তারিখ আহ্বান করা হয়েছে এবং দাখিলতব্য দলিলাদি উন্মুক্ত করার তারিখ ১২ অক্টোবর ২০২২। প্যাকেজ CP-02, CP-07, CP-08 এবং CP-09 এর দরপত্র দলিল প্রস্তুতকরণের কার্যক্রম চলমান রয়েছে। হেমায়েতপুর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য ৯৯.২৫ একর ভূমি

অধিগ্রহণের নিমিত্ত গত ২৬ জুন ২০২২ তারিখ জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা হতে অধিগ্রহণকৃত সম্পত্তির চূড়ান্ত প্রাক্কলন পাওয়া গিয়েছে। গত ২৬ জুন ২০২২ তারিখ প্রাক্কলিত সমুদয় অর্থ বাবদ প্রায় ৯৩৪.৮৪ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। গত ৩১ জুলাই ২০২২ তারিখ ৮ ধারার নোটিশ জারী করা হয়েছে। ক্ষতিগ্রস্থ ভূমি মালিকগণের মাঝে ক্ষতিপূরণের চেক বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

## MRT Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১২.৮০ কিলোমিটার এবং উড়াল ৪.৬০ কিলোমিটার) এবং ১৫টি স্টেশন (পাতাল ১১টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত প্রাক-সম্ভাব্যতা যাচাই সম্পন্ন করা হয়েছে। গত ২১ এপ্রিল ২০২১ তারিখ নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। Feasibility Study, বিভিন্ন ধরণের সার্ভে ও Engineering Design এর কাজ চলমান রয়েছে। Feasibility Study’র অগ্রগতি ৯৯.০০% এবং Engineering Design কাজের অগ্রগতি ৭০.০০%। Feasibility Study এর ভিত্তিতে বিনিয়োগ প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ চলমান আছে।

## MRT Line -2

G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে ২০৩০ সালের মধ্যে MRT Line-2 বাস্তবায়নের নিমিত্ত PPP Research ও Preliminary Study করা হয়। এই Research ও Study পর্যালোচনা করে প্রকল্পটি G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে বাস্তবায়নের তালিকা হতে অবমুক্ত করে উন্নয়ন সহযোগী সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় ডিএমটিসিএল এর আওতায় সরকারি উদ্যোগে বাস্তবায়ন করার জন্য গত ২৩ জুন ২০২২ তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত PPP প্রকল্পসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা সভায় পিপিপি তালিকা হতে প্রকল্পটি প্রত্যাহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রস্তাবটি বাংলাদেশ-জাপান ৫ম যৌথ পিপিপি প্লাটফর্ম সভায় উত্থাপনের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ২২ আগস্ট ২০২২ তারিখ PPP কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। MRT Line-2 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর এবং কন্সস্ট্রাকশন ইয়ার্ড নির্মাণের জন্য ঢাকা জেলার ডেমরা এলাকায় মাতুয়াইল ও দামড়িপাড়া মৌজায় গ্রীন মডেল টাউন এবং আমুলিয়া মডেল টাউন এর মধ্যবর্তী স্থানে মোট ৬৫ (পঁয়ষট্টি) হেক্টর ভূমি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর Detailed Area Plan (DAP) 2016-2035 এ অন্তর্ভুক্ত করা হয়েছে। MRT Line-2 এর Depot নির্মাণের জন্য স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন-২০১৭ এর ধারা-৪ এর উপধারা-১২ অনুসরণে ঢাকা জেলার দামারীপাড়া ও মাতুয়াইল মৌজার অন্তর্গত ১৬৩.৮৬৬ একর ভূমির ক্রয়-বিক্রয় ও ভূমিতে অবকাঠামো নির্মাণে নিয়ন্ত্রণ আরোপ করার নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা বরাবর প্রস্তাব প্রেরণের জন্য গত ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। গাবতলী থেকে কমলাপুর হয়ে নারায়ণগঞ্জ পর্যন্ত MRT Line-2 নির্মাণের নিমিত্ত JICA এর আর্থিক সহায়তায় Feasibility Study করার জন্য পরিকল্পনা কমিশনের নীতিগত অনুমোদনের লক্ষ্যে Preliminary Development Project Proposal (PDPP) পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণের নিমিত্ত গত ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

## MRT Line-4

২০৩০ সালের মধ্যে কমলাপুর থেকে নারায়ণগঞ্জ জেলার মদনপুর পর্যন্ত মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের নিমিত্ত কোরিয়া এক্সিম ব্যাংকের আর্থিক সহায়তায় Feasibility Study করার জন্য পরিকল্পনা কমিশনের নীতিগত অনুমোদনের লক্ষ্যে Preliminary Development Project Proposal (PDPP) পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণের নিমিত্ত গত ২৪ আগস্ট ২০২২ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।